

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৪৯৪(আগরতলা, ০৭।০৩  
আমবাসা, ০৭ মার্চ, ২০১৯

আমবাসায় প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক মহড়া অনুষ্ঠিত

গতকাল আমবাসা মহকুমা প্রশাসনের উদ্যোগে আমবাসা ব্লকের উত্তর নালীছড়া উচ্চ বিদ্যালয়ে এক প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা সম্পর্কিত মহড়ার আয়োজন করা হয়। বিদ্যালয় চলাকালীন প্রাকৃতিক দুর্যোগ ঘটলে কিভাবে ছাত্রছাত্রীরা এবং শিক্ষক শিক্ষিকারা নিজেদের রক্ষা করবে তার কৌশল দেখানো হয়। কর্মশালায় এন ডি আর এফ এবং টি এস আর এর তৃতীয় ব্যাটেলিয়ানের কর্মীরা প্রাকৃতিক দুর্যোগের পর কিভাবে উদ্ধার করতে হয় তার কলা কৌশল হাতে কলমে প্রদর্শন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমা শাসক জে ভি দোয়াতি, ডি সি শুভব্রত দে, উত্তর নালীছড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হরিধন দেব, এন ডি আর এফ এবং এর পরিদর্শক প্রবিণ কুমার সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণ।

\*\*\*\*\*